



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম


Website : <http://web.bise-ctg.gov.bd>

২০১৯ সালের এইচ এস সি ফরম পূরণ ও ২০১৮ - ২০১৯ শিক্ষাবর্ষের ম্যানুয়েল রেজিস্ট্রেশন সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্রবোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণসহ সংশ্লিষ্ট সকলকে অবগতি করা যাচ্ছে যে, বিভিন্ন জটিলতার কারণে ২০১৯ সালের অনুষ্টিতব্য এইচ.এস.সি পরীক্ষায় যে সকল শিক্ষার্থী ফরম পূরণ করতে পারে নাই, তাদের এইচ.এস.সি পরীক্ষার ফরম পূরণের তারিখ বিলম্ব ফি সহ আগামী ১০/০১/২০১৯ তারিখ এবং টি.টি করার তারিখ ১৩/০১/২০১৯ বোর্ড কর্তৃপক্ষ নির্ধারণ করেছে।

উল্লেখ্য যে, দ্বৈত রেজিস্ট্রেশন, বোর্ড পরিবর্তন, প্রাইভেট পরীক্ষার্থীদের ফলাফল যাচাই ইত্যাদি কারণে যে সকল শিক্ষার্থীর নাম এখনও Probable (eFF) List -এ যায়নি এবং ইতিমধ্যে বোর্ডের কলেজ শাখায় আবেদন করেছে তাদের তথ্যাদি যাচাই বাছাই করে আগামী ০৮/০১/২০১৯ তারিখের মধ্যে Probable (eFF) List - এ নাম অন্তর্ভুক্ত করা হবে। শিক্ষার্থীদের নির্ধারিত সময়ের মধ্যে কলেজের মাধ্যমে ফরম পূরণ করার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে।

২০১৮ - ১৯ শিক্ষাবর্ষের ম্যানুয়েল রেজিস্ট্রেশন আগামী ১০/০১/২০১৯ থেকে ১৫/০১/২০১৯ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।



(প্রফেসর মোঃ জাহেদুল হক)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড

চট্টগ্রাম।